

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।

ওয়েব সাইট: youth.sylhet.gov.bd, ফোন: ০৮২১-৭৬১৯১৯

স্মারক নং- ৩৪.০১.৯১০০.০০০.৩৩.০০৫.১৩-১০২৯

তারিখ: ০২/০৯/২০১৯খ্রি:

ভর্তিবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কোর্স এ শর্ত মোতাবেক ১৮ থেকে ৩৫ বৎসর বয়স সীমার মধ্যে সিলেট জেলার স্থায়ী নাগরিক এবং প্রকৃত বেকার যুব মহিলাদের নিকট হতে স্ব-স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার নিকট দরখাস্ত জমা দেয়ার আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গণ উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচন পূর্বক নির্দিষ্ট কোটানুমায়ী প্রশিক্ষণার্থী এবং সমপরিমান অপেক্ষমান তালিকা প্রেরণ করবেন।

নং	কোর্সেরনাম	কোর্সেরমেয়াদ	শিক্ষাগতযোগ্যতা	আবেদনেরশেষতারিখ	ভর্তিওক্লাশশুরুরতারিখ	ভর্তিফি
০১	পোশাকতৈরী	০৩(তিন) মাস অক্টোবর ০১ হতে ডিসেম্বর ৩০	কমপক্ষে অষ্টম শ্রেণী পাশ	২৬/০৯/২০১৯	০১/১০/২০১৯	৫০/- পঞ্চাশ টাকা

শর্তাবলী:

- ০১। নির্ধারিত ফরমের (স্ব হস্তে পূরনকৃত ও স্বাক্ষরিত) আবেদনপত্রে উপপরিচালক বরাবরে আবেদন করতে হবে।
- ০২। আবেদনপত্রের সহিত (ক) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমানের সত্যায়িত প্রত্যয়নপত্র (খ) জাতীয় পরিচয়পত্রের/জন্ম নিবন্ধনের কপি।
- (গ) সদ্যতোলা ০২(দুই) কপি পার্সপোট সাইজের সত্যায়িত ছবি এবং ০১(এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি জমা দিতে হবে।
- ০৩। প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে এবং যুবসংগঠন কর্তৃক মনোনীত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- ০৪। প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩৫ বৎসর।
- ০৫। প্রশিক্ষণ গুলো অনাবাসিক। তবে বিনা ভাড়ায় প্রশিক্ষণার্থীগণ হোস্টেলে অবস্থান করতে পারবে। তবে নিজ খরচে খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ০৬। ভর্তির সময় ধার্যকৃত ভর্তি ফি (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
- ০৭। বেকারত্ব সনদ সংযুক্ত করতে হবে (অধ্যয়নরত অবস্থায় কোন আবেদন জমা দিতে পারবেন না, পরবর্তীতে অধ্যয়নের প্রমাণ পাওয়া গেলে বিনা নোটিশে ভর্তি বাতিল করা হবে)।
- ০৮। ভর্তির পর কোন প্রশিক্ষণার্থী পূর্বানুমতি ব্যতীত পরপর ০৩ দিন ক্লাশে অনুপস্থিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে। ভর্তি ফি ফেরৎ দেয়া হবে না।
- ০৯। ভর্তির সময় সনদপত্র সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

স্বাঃ/

মো: আলাউদ্দিন
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
০৮২১-৭৬১৯১৯

তারিখ: ০২/০৯/২০১৯খ্রি:

স্মারক নং- ৩৪.০১.৯১০০.০০০.৩৩.০০৫.১৩- ১০২৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। মেয়র, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
- ০২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/বাস্তবায়ন/পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, সিলেট।
- ০৫। উপজেলা চেয়ারম্যান, উপজেলা, সিলেট।
- ০৬। উপপরিচালক, জেলা তথ্য অফিস/সমাজ সেবা অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ/প্রাণিসম্পদ কর্মকর্তা/জেলা কর্মসংস্থান ব্যুরো, সিলেট।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), সিলেট।
- ০৮। জেলা সমবায় অফিসার, সিলেট।
- ০৯। উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট।
- ১০। জেলা ক্রীড়া অফিসার, সিলেট।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেস ক্লাব, সিলেট।
- ১২। সভাপতি/সম্পাদক..... (সকল যুব সংগঠন)
- ১৩। সিনিয়র প্রশিক্ষক (ম.অ.ম্যা.এস.কম্পি. এপ্রিকেশন কোর্স), সহকারী পরিচালক, আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, লাউয়াই, সিলেট।
- ১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), সিলেট কে তাঁর কোটা অনুমায়ী প্রশিক্ষণার্থী নির্বাচন পূর্বক ৩০/০৬/২০১৬ খ্রি: তারিখের মধ্যে জেলা কার্যালয়ে আবেদনসহ প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ করতে অনুরোধ করা হলো।
- ১৫। সম্পাদক, দৈনিক (সকল), সিলেট। (বিজ্ঞপ্তিটি সৌজন্যমূলক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১৬। প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, লাউয়াই, বঙ্গবীর রোড, সিলেট।
- ১৭। নোটিশবোর্ড।
- ১৮। অফিস কপি।

০২/০৯/১৯

মো: আলাউদ্দিন
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
০৮২১-৭৬১৯১৯

জরুরীপ্রয়োজনে যোগাযোগ (অফিস সময়): ০১৭১৭২১০৮২৩ (প্রশিক্ষক)
০১৭৭৫২০৭৬০৭ (জুনিয়র প্রশিক্ষক)